Global Alliance for
Disaster Risk Reduction & Resilience
in the Education Sector

গবেষণা ও তার বাস্তবিক প্রয়োগের সংক্ষিপ্তসার

Rebekah Yore,[1] Ilan Kelman[2] and Matalena Tofa[3]

[1]University College London and Rescue Global, London, UK

[2]University College London and University of Agder, London, UK

[3] Macquarie University, Sydney, Australia

গবেষণা ও তার প্রয়োগ সংক্রান্ত ধারাবাহিক সংখ্যা

গবেষণা পত্রের এই প্রকাশিত সংখ্যাগুলি শিশুকেন্দ্রিক বিপর্যয়ের ঝুঁকি কম করা, জলবায়ু পরিবর্তনের সাথে মানিয়ে নেওয়া এবং স্কুল নিরাপত্তা নিয়ে যারা কাজ করছেন তাদের জন্য তথ্য ও জ্ঞান সরবরাহের কাজ করে থাকে। এই সংক্ষিপ্ত সারটি শৈশবকালের ও যে কোন দুর্যোগের ঝুঁকি কম করা নিয়ে গবেষণার মূল বিষয়গুলোকে তুলে ধরে।

সম্পূর্ণ গবেষণা সম্পর্কে জানার জন্য নিচের লিঙ্কটি দেখুন —

http://www.gadrrres.net/resources

www.gadrrres.net/resources

C&A Foundation

Save the Children

RISK FRONTIERS

C&A

গোষ্ঠী ভিত্তিক বিপর্যয়ের ঝুঁকির মোকাবিলা [Community-based Disaster Risk Management (CBDRM)]

সামগ্রিক দুর্যোগের মোকাবিলায় অনেকক্ষেত্রেই বাইরের বিশেষজ্ঞদের আনতে অনেক খরচ হয় অথবা সহজে পাওয়া সম্ভব হয় না। গোষ্ঠী ভিত্তিক বিপর্যয়ে ঝুঁকির মোকাবিলা এবং ঝুঁকির বিশ্লেষণ করা এমন একটি বিষয় যা গোষ্ঠী থেকে তৈরী এবং সংগঠিত হয়। গোষ্ঠী ভিত্তিক দুর্যোগের ঝুঁকির ব্যবস্থাপনার সাফল্যের মূল চাবিকাঠিটি নির্ভর করে গোষ্ঠীস্তরে এর প্রতি উৎসাহ ও অনুপ্রেরণা বজায় রাখার মাধ্যমে। এর সাথে সাথে এই সম্পর্কিত জাতীয় স্তরের নীতির অন্তর্ভুক্ত করা।

গোষ্ঠী ভিত্তিক দুর্যোগের ঝুঁকির ব্যবস্থাপনার একটি গুরুত্বপূর্ণ প্রক্রিয়া হল দুর্যোগ সংক্রান্ত দুর্বলতা এবং ক্ষমতার মূল্যায়ণ করা। এগুলির মাধ্যমে আমরা

- দুর্বল গোষ্ঠীগুলোকে চিহ্নিত করতে পারি
- কোন কারণে গোষ্ঠীগুলি দুর্বল হয় এবং কিভাবে তারা ক্ষতিগ্রস্থ হয় তা বুঝতে পারি
- এই গোষ্ঠীগুলির চাহিদা ও ক্ষমতার মূল্যায়ণ করতে পারি
- প্রকল্পগুলির বিভিন্ন প্রকল্প, কার্যসূচী এবং নীতিগুলি যাতে এই চাহিদাগুলি মেটাতে পারে তা খেয়াল রাখতে পারি

দুর্যোগ ও দুর্যোগের ঝুঁকির ক্ষেত্রে শিশুদের কিছু স্বতন্ত্র দুর্বলতা ও ক্ষমতা থাকে। যদিও বেশীরভাগ ক্ষেত্রেই তাদের এই ধরণের পরিস্থিতির নিষ্ক্রিয় শিকার হিসেবে ভাবা হয়, বিভিন্ন আন্তর্জাতিক চুক্তি শিশুদের এই স্বতন্ত্র ক্ষমতা, দক্ষতা ও অধিকারকে স্বীকৃতি দেয়।

গোষ্ঠীভিত্তিক বিপর্যয়ের ঝুঁকি মোকাবিলা আরও কার্যকরী করতে বিভিন্ন উপায়ে নিশ্চিত করতে হবে (১) - শিশু ও যুবকদের অন্তর্ভুক্ত করে এবং (২) নির্দিষ্ট অবস্থার পরিপ্রেক্ষিতে বিভিন্ন প্রয়োজনীয় সাধন সামগ্রী (tools) ও কাঠামোগুলিকে (framework) রূপ দিয়ে।

শিশু ও যুবকদের অন্তর্ভুক্ত করা

শিশু ও যুবকরা আরও বেশী সংখ্যায় গোষ্ঠীভিত্তিক বিপর্যয়ের ঝুঁকির মোকাবিলা এবং ঝুঁকি, দুর্বলতা ও ক্ষমতার মূল্যায়ণে অংশগ্রহণ করছে। এর অনেক উপকারিতা আছে - এর ফলে শিশু ও যুবগোষ্ঠী সরাসরি দুর্যোগের বিষয়ে অংশগ্রহণ করতে পারে, আবহাওয়া পরিবর্তনের সাথে মানিয়ে নিতে পারে এবং গোষ্ঠীর প্রতিটি মানুষের দুর্যোগ প্রতিরোধ করার ক্ষমতা বৃদ্ধি পায়। ঝুঁকি-দুর্বলতা ও ক্ষমতার মূল্যায়ণ করার প্রশিক্ষণ শিশুদের এই বিষয়ে জ্ঞান ও দক্ষতা বৃদ্ধি করে, বিভিন্ন ঝুঁকিকে আগাম বুঝতে পারা ও তার তদারকি করার জন্য তৈরী করে (প্ল্যান ইন্টারন্যাশনাল ২০১০)। এই ধরণের প্রশিক্ষণে অংশগ্রহণ করে শিশু ও যুবকরা নানা কর্মপদ্ধতি ও সরকারের সাথে এ নিয়ে আলাপ আলোচনাতেও যোগদান করতে পারে। যুবক যুবতীদের নিজেদের জীবনে পরিবর্তন আনা, আর ঝুঁকি কমানোর জন্য দারিদ্র্যতার দূরীকরণের প্রচেষ্টাকে নানা কাজকর্মের মধ্যে দিয়ে রূপায়িত করতে পারে।

বিভিন্ন সাধন সামগ্রী (tools) ও কাঠামোগুলি (framework)কে জীবনে অন্তর্ভুক্ত করা।

যে কোনো সাধন সামগ্রী বা কাঠামোগুলিকে যদি শিশুদের স্বার্থ রক্ষার জন্য সবথেকে ভালো ভাবে কাজ করতে হয় তাহলে তাকে পারিপার্শ্বিক পরিস্থিতি এবং কিভাবে তা শিশু অধিকারের ওপর প্রভাব ফেলে তা বুঝতে হবে বর্তমানে। খুব অল্প কয়েকটি নির্দেশিকা আছে ঝুঁকি-দুর্বলতা-ক্ষমতা পরীক্ষা করার বিশেষ করে যা শিশুদের ও যুবক যুবতীদের ওপর মূলতঃ প্রভাব ফেলে। কিছু নির্দেশিকা আছে যেগুলো শিশু ও যুবক যুবতীদের জন্য স্বীকৃত এবং তার গুণমান একে অপরের থেকে আলাদা। গুরুত্বপূর্ণ সাধন সামগ্রী যেগুলো থেকে বিভিন্ন বিষয় গ্রহণ করা যেতে পারে সেগুলির মধ্যে কয়েকটি হল:

- প্ল্যান ইন্টারন্যাশনালের (২০১০) শিশু কেন্দ্রিক বিপর্যয়ের ঝুঁকি কমানোর টুলকিট (http://www.childreninachangingclimate.org/uploads/6/3/1/1/63116409/child-centred_drr_toolkit.pdf)
- সেভ দ্য চিল্ড্রেন-এর (২০০৭) শিশু নেতৃত্বাধীন বিপর্যয়ের ঝুঁকি কমানোর নির্দেশিকা (https://www.preventionweb.net/files/3820_CHLDRR.pdf)
- শিশুদের অন্তর্ভুক্ত করে তাদের যোগদানের মাধ্যমে বিপর্যয়ের ঝুঁকির পরিকল্পনা ও পরীক্ষা সংক্রান্ত টুল (বলয় রিহ্যাবিলিটেশন সেন্টার ২০০৬, লুনেটা ২০০৭) এর একটি উদাহরণ যা বর্তমানে প্রয়োগ করা হচ্ছে। https://www.gdnonline.org/resources/ADPC_CDP_COPRAP_toolkit.pdf)

এইসব কাঠামো এবং সাধন সামগ্রীগুলো স্থানীয় এলাকা ও সংগঠনগুলির চাহিদা ও প্রয়োজনীয়তার সাথে সামঞ্জস্য রেখে হতে হবে। যারা এই নিয়ে কাজ করছেন তাদের শিশু, যুব ও বিভিন্ন কারণে ঝুঁকিসম্পন্ন থাকা গোষ্ঠীদের সক্রিয়ভাবে এই বিপর্যয় মোকাবিলার কাজে অংশগ্রহণ করানোর জন্য প্রয়োজনে এই টুলগুলিতে পরিবর্তন আনতে হবে।

বাস্তব প্রয়োগ

গোষ্ঠী ভিত্তিক দুর্যোগের ঝুঁকির ব্যবস্থাপনার মূল শিক্ষনীয় বিষয়গুলি হল -

- গোষ্ঠীভিত্তিক বিপর্যয়ের ঝুঁকির মোকাবিলা সংক্রান্ত জ্ঞান ও দক্ষতা শিশু ও যুবক যুবতীরা ভুলে যেতে পারে যদি নিয়মিত এর পর্যালোচনা ও চর্চা না করা হয়। বিশেষ করে সেইসব গোষ্ঠীর মধ্যে যেখানে নিয়মিত বিপর্যয়ের প্রকোপ কম। (সি আর এস ২০০৯; চাওলা এবং জনসন ২০০৪)
- এই স্বভাব বজায় রাখার জন্য গোষ্ঠীভিত্তিক বিপর্যয়ের ঝুঁকির ব্যবস্থাপনা মানুষের দৈনন্দিন জীবনের অংশ হওয়া উচিত। যেমন— ছদ্ম মহড়া। গোষ্ঠীভিত্তিক বিভিন্ন দল দুর্যোগের ঝুঁকির ব্যবস্থাপনা সংক্রান্ত কাজ করতে পারে এবং বিভিন্ন অনুষ্ঠানের মাধ্যমে মানুষের মধ্যে সচেতনতা তৈরী করতে পারে। (ওগাওয়া ২০০৫, রাঘেরি, ইশিওয়াটারী ২০১৪)
- গোষ্ঠীর বিভিন্ন সদস্য ও স্থানীয় কর্তৃপক্ষকে এক জায়গায় আনা দুর্যোগের ঝুঁকির মোকাবিলা সংক্রান্ত কাজের সাহায্য (টুইগ ২০০৭, ইউনিসেফ ২০১২) এবং কাজের স্থায়িত্বকে শক্তিশালী করে। জনপ্রিয় মাধ্যম যেমন রেডিও, ইন্সটাগ্রামের ব্যবহার একইরকম প্রভাব বিস্তার করে।

ঝুঁকি, দুর্বলতা, ক্ষমতার মূল্যায়ণ এবং গোষ্ঠীভিত্তিক বিপর্যয়ের ঝুঁকির মোকাবিলা সংক্রান্ত কাজের পরিকল্পনার ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়গুলি খেয়াল রাখতে হবে:—

- গোষ্ঠীভিত্তিক বিপর্যয়ের ঝুঁকির মোকাবিলা প্রতিদিনের জীবনের কাজের অংশ হওয়া উচিত যাতে গোষ্ঠীর প্রতিটি মানুষের জ্ঞান ও দক্ষতা বজায় থাকে।
- গোষ্ঠীর প্রতিটি সদস্য এবং স্থানীয় কর্তৃপক্ষকে উৎসাহ দেওয়া প্রয়োজন যাতে তারা বিপর্যয়ের ঝুঁকির মূল্যায়ণ ও মোকাবিলার কাজে সক্রিয়ভাবে অংশগ্রহণ করে।
- শিশু ও যুবগোষ্ঠীদের এইধরণের মূল্যায়ণে সক্রিয়ভাবে অংশগ্রহণ করানো উচিত। (যেমন - ঝুঁকি, দুর্বলতা ও ক্ষমতার মূল্যায়ণ)। গোষ্ঠী ভিত্তিক বিপর্যয়ের ঝুঁকির মোকাবিলার জন্য প্রয়োজনীয় কাজ ও সরকারীভাবে এই কাজকে মান্যতা দেবার জন্য শিশু ও যুবদের অংশগ্রহণ উল্লেখযোগ্য।

এর জন্য প্রয়োজনীয় সাধন সামগ্রী (tools) ও কাঠামোগুলিকে (framework) কাজের মধ্যে অন্তর্ভুক্ত করা উচিত যাতে শিশু, যুবগোষ্ঠী ও অন্যান্য প্রান্তিক মানুষেরা অংশগ্রহণ করতে পারে।

আরো তথ্যের জন্য

এই গবেষণার সংক্ষিপ্তসার সম্পর্কিত আরও তথ্য জানতে শিশু কেন্দ্রিক বিপর্যয়ের ঝুঁকি কমানো এবং সার্বিক স্কুল নিরাপত্তার গ্রন্থপঞ্জী জানতে দেখুন

https://www.zotero.org/groups/1857446/ccdrr__css

এই সংক্রান্ত যে কোনো তথ্য জানতে 'গোষ্ঠীভিত্তিক বিপর্যয়ের ঝুঁকি মোকাবিলার ব্যবস্থাপনা' এবং 'বিপদ, দুর্বলতা, ক্ষমতার মূল্যায়ণ' শব্দ ব্যবহার করে খুঁজুন।

যে বইগুলি পড়তে পারেন

All India Disaster Mitigation Institute (2011), School-based Disaster Risk Reduction: Making Education Safer (analysis and case studies), Ahmedabad, All India Disaster Mitigation Institute, http://bit.ly/2uhMX0z.

Back, E., Cameron, C. and Tanner, T. (2009), Children and Disaster Risk Reduction: Taking stock and moving forward (analysis and case studies), New York, UNICEF, http://www.preventionweb .net/files/12085_ChildLedDRRTakin gStock1.pdf.

Gill, S., Gulsvig, L. and Peek, L. (2009), Children and Disasters Annotated Resource List, *Children, Youth and Environments,* vol. 18, no. 1, pp. 485- 510, http://www.jstor.org/stable/10.7 721/chilyoutenvi.18.1.0485.

Shaw, R. (ed.) (2012), Community-Based Disaster Risk Reduction, *Community, Environment and Disaster Risk Management*, vol. 10, Emerald Group Publishing, Bingley.

Wisner, B. (2006), Let our children teach us! A review of the role of education and knowledge in disaster risk reduction, Geneva, UNISDR, http://www.crin.org/en/do cs/ISDR_let_teach.pdf.